

১৩ ছাত্রীর সঙ্গে অশালীন আচরণ, শিক্ষক বরখাস্ত

জেলা বার্তা পরিবেশক, রাজশাহী

: বুধবার, ০৭ মে ২০২৫

রাজশাহীর গোদাগাড়ী উপজেলার মহিষালবাড়ি মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে ছাত্রীদের সঙ্গে অশালীন আচরণের অভিযোগে জীববিজ্ঞান বিষয়ের শিক্ষক মনিরুল ইসলামকে সাময়িক বরখাস্ত করা হয়েছে। গতকাল মঙ্গলবার সাড়ে ১১টায় বিদ্যালয়ের ১৩ জন ছাত্রী একযোগে গোদাগাড়ী উপজেলা নির্বাহী কর্মকর্তা ফয়সাল আহমেদের কাছে লিখিত অভিযোগ দায়ের করেছে। গোদাগাড়ী উপজেলা নির্বাহী কর্মকর্তা ফয়সাল আহমেদ বলেন, আমরা শিক্ষক মনিরুল ইসলামকে ডেকে জিজ্ঞাসাবাদ করেছি। প্রাথমিকভাবে অভিযোগের সত্যতা পাওয়া গেছে। তাই তাকে সাময়িক বরখাস্ত করা হয়েছে। তদন্ত করে এই ব্যাপারে প্রবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। বরখাস্তকৃত শিক্ষক মনিরুল ইসলাম বলেন, আমি এমন কোন কাজ করিনি। আমার বিরুদ্ধে ষড়যন্ত্র করা হচ্ছে। পরিস্থিতির চাপে পড়ে দোষ স্বীকার করে ক্ষমা চেয়েছি আমি।